# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 07-03-2026** **Time: 7.35 AM**

---

বিশেষ বিশেষ খবরঃ

১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ এরাজ্যে আসছেন। শিলিগুড়িতে তিনি নবম আন্তর্জাতিক সাঁওতাল সম্মেলনে যোগ দেবেন।

২) রাজ্য সরকারি কর্মীদের ডিএ-র ২৫ শতাংশ অবিলম্বে মিটিয়ে দিতে পশ্চিমবঙ্গ সরকারকে সুপ্রিম কোর্টের দেওয়া নির্দেশ কার্যকর করার জন্য ডিসেম্বর পর্যন্ত সময় চেয়ে, রাজ্য ফের শীর্ষ আদালতের দ্বারস্থ। কর্মচারী সংগঠনগুলি একে উদ্দেশ্যপ্রণোদিত বলে দাবি করেছে।

৩) বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ আগামীকাল রাজ্যে আসছে।

৩) দ্বিতীয় দফায় আরও ২৪০ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের সিদ্ধান্ত।

৪) বিজেপির পরিবর্তন যাত্রায় অংশ নিতে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো আজ রাজ্যে আসছেন। ১৪ ই মার্চ ব্রিগেডে প্রধানমন্ত্রীর জনসভার মধ্য দিয়ে এর সমাপ্তি ঘটবে।

৫) রাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজে ইঞ্জিনিয়ারিং সহ বিভিন্ন কোর্সে ভর্তির জন্য প্রবেশিকা পরীক্ষা- ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা নেওয়া হবে আগামী ২৪ মে।

৬) আই এস এল ফুটবলে আজ মহামেডান স্পোর্টিং, ব্যাঙ্গালুরু এফ সির মুখোমুখি হবে।

---------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ এরাজ্যে আসছেন। শিলিগুড়িতে তিনি নবম আন্তর্জাতিক সাঁওতাল সম্মেলনে যোগ দেবেন। রাষ্ট্রপতি ভবন সূত্রে জানা গেছে, বাগডোগরা বিমানবন্দরে অবতরণের পর শ্রীমতি মুর্মু সড়কপথে যাবেন অনুষ্ঠানস্থল - বিধাননগরের গোঁসাইপুর সংলগ্ন এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়ার ময়দানে।আন্তর্জাতিক সাঁওতাল পরিষদ আয়োজিত ঐ সম্মেলনে প্রধান অতিথির আসন অলঙ্কৃত করার পাশাপাশি রাষ্ট্রপতি শাল গাছের চারাও রোপণ করে দেশকে বিশ্ব উষ্ণায়ন থেকে বাঁচানোর বার্তা দেবেন। আদিবাসী সমাজের আর্থ সামাজিক ও বর্তমান পরিস্থিতি নিয়ে সেখানে আলোচনা হবে। সম্মেলনে দেশ বিদেশের ১২'শোর মত প্রতিনিধির যোগদানের কথা।

অনুষ্ঠান শেষে দুপুরেই শ্রীমতি মুর্মু দিল্লি ফিরে যাবেন।

রাষ্ট্রপতির এই সফরকে কেন্দ্র করে শিলিগুড়ি ও সংলগ্ন বিধাননগর এলাকায় নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করা হয়েছে।

-------------------

রাজ্য সরকারি কর্মচারীদের মহার্ঘ্যভাতা বা ডিএ-র ২৫ শতাংশ অবিলম্বে মিটিয়ে দিতে সুপ্রিম কোর্ট পশ্চিমবঙ্গ সরকারকে যে নির্দেশ দিয়েছিল, তা কার্যকর করার জন্য আগামী ডিসেম্বর পর্যন্ত সময় চেয়ে, রাজ্য ফের শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েছে। দুই বিচারপতি সঞ্জয় কারল ও বিচারপতি প্রশান্ত কুমার মিশ্রার বেঞ্চে গতকাল রায়ের

মডিফিকেশন সংক্রান্ত একটি আবেদন দাখিল করা হয়। রাজ্য সরকারের পক্ষে ঐ আবেদনে আর্জি জানানো হয়েছে, বকেয়া ডিএ-র ২৫ শতাংশ এখনই মেটানে সম্ভব নয়। সেজন্য ৩১ ডিসেম্বর পর্যন্ত সময় দেওয়া হোক।

আবেদনে আরও বলা হয়েছে, শীর্ষ আদালত গত ৫ই ফেব্রুয়ারি, বকেয়া ডিএ-র ২৫ শতাংশ অবিলম্বে মিটিয়ে দেওয়ার যে নির্দেশ দেয়, তা বাস্তবসম্মত নয় এবং এত কম সময়ের মধ্যে কার্যকর করাও সম্ভবপর নয়। সেই কারণেই সময়সীমা বৃদ্ধির প্রয়োজন।

এদিকে কর্মচারী সংগঠনগুলির অভিযোগ, আদালতের রায়ের পরেও রাজ্যের এই ধরনের পদক্ষেপ উদ্দেশ্যপ্রণোদিত ও আদালত অবমাননার সামিল। শীর্ষ আদালতের রায়ের পরেও কেন ডিএ দেওয়া হয়নি, তা নিয়ে ইতোমধ্যেই সংগঠনের পক্ষ থেকে আদালত অবমাননার মামলা দায়ের করা হয়েছে সুপ্রিম কোর্টে।

বঙ্গীয় শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতির সাধারণ সম্পাদক স্বপন মন্ডল বলেছেন, রাজ্য সরকার ডি এ নিয়ে সুপ্রিম কোর্টে যে রিভিউ পিটিশন দাখিল করেছে তা থেকে সাড়ে চার লক্ষ শিক্ষক শিক্ষাকর্মীকে বাদ দেওয়া হয়েছে। এ থেকেই সরকারের জনবিরোধী আচরণের পরিচয় পাওয়া যায়।

বাইট

শিক্ষানুরাগী ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী বলেছেন, কর্মচারীদের দীর্ঘদিনের প্রাপ্য অর্থ নিয়ে রাজনীতি চলেছে। এর বিরুদ্ধে সুপ্রিম কোর্টকে কড়া বার্তা দিয়ে অবিলম্বে তা মিটিয়ে দিতে রাজ্যকে বাধ্য করার দাবি জানান তিনি। রাজ্য সরকার তাদের অবস্থান না বদলালে আইনি লড়াই আরো তীব্রতর হবে বলেও মন্তব্য করেন তিনি।

------------------

বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ আগামী কাল  রাজ্যে আসছেন। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নেতৃত্বে পূর্ণাঙ্গ বেঞ্চ ঐদিন রাতে কলকাতা বিমানবন্দরে পৌঁছবেন।  সোমবার ৯ তারিখে তারা রাজ্যের স্বীকৃত রাজনৈতিক দলগুলির সঙ্গে বৈঠকে বসবে। রাজারহাটে ওই বৈঠকে BJP, BSP, CPI(M), কংগ্রেস, আম আদমি পার্টি ও NPP (ন্যাশানাল পিপিলস পার্টি) সহ জাতীয় স্তরে স্বীকৃত ৬টি এবং তৃণমূল কংগ্রেস ও ফরোয়ার্ড ব্লক রাজ্যস্তরে স্বীকৃত এই দুটি দলের প্রতিনিধিদের বৈঠকে যোগদানের জন্য আমন্ত্রণ পাঠানো হয়েছে। ঐদিন সকাল ১০ টা থেকে ১২ টা পর্যন্ত প্রতিটি রাজনৈতিক দলের জন্য ১৫ মিনিট করে সময় বরাদ্দ করা হয়েছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিক দপ্তর সুত্রে জানা গেছে।

কমিশনের প্রতিনিধিরা আইন বলবৎকারী সংস্থাগুলি নোডাল অফিসরাদের সঙ্গে বৈঠক করার পাশাপাশি আইনশৃঙ্খলা পরিস্থিতি, কেন্দ্রীয় বাহিনী মোতায়েন, সংকটপ্রবণ বুথ চিহ্নিত করা সহ বিভিন্ন বিষয়ে কথা বলবেন, IG, DIG, পুলিশ কমিশনার, পুলিশ সুপার ও জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে।

মঙ্গলবার ১০’ই মার্চ নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ প্রশাসনের শীর্ষ আধিকারিকদের সঙ্গে বৈঠকে মিলিত হবেন। ওইদিনই ব্লক লেভেল আধিকারিকদের সঙ্গেও তাঁদের মতবিনিময় করার কথা।

এদিকে, আগামীকালই দিল্লি থেকে কলকাতায় পৌছবেন সিনিয়ার ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে একটি প্রতিনিধি দল’ও। ওই দলে থাকছেন প্রিন্সিপাল সেক্রেটারি এস বি যোশী, ডিরেক্টর মনোজ সী ও ডেপুটি সেক্রেটারি অভিনব আগরওয়াল। এই দলটি ভোটের প্রস্তুতি এবং নির্বাচন কমিশনের কর্মসূচি নিয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের সঙ্গে সমন্বয় সাধন করবে।

-------------------

রাজ্যে বিধানসভা নির্বাচনের আগে দ্বিতীয় দফায় আরও ২৪০ কোম্পানি কেন্দ্রীয় সশস্ত্র বাহিনী মোতায়েনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আগামী মঙ্গলবার ১০ মার্চের মধ্যে এই বাহিনী রাজ্যের বিভিন্ন জেলায় মোতায়েন করা হবে বলে নির্বাচন কমিশনের পক্ষ থেকে জানানো হয়েছে।

দ্বিতীয় দফার বাহিনীর মধ্যে আছে ১২০ কোম্পানি সিআরপিএফ, ৬৫ কোম্পানি বিএসএফ, ১৬ কোম্পানি সিআইএসএফ, ২০ কোম্পানি আইটিবিপি এবং ১৯ কোম্পানি এসএসবি।জঙ্গিপুর, মালদা, মুর্শিদাবাদ, পূর্বমেদিনীপুর, বীরভূম, হুগলি, হাওড়া, কোচবিহার, উত্তর ও দক্ষিণ ২৪ পরগণা, বারাসত, বারুইপুর, সুন্দরবন, পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার এবং দার্জিলিং এর বিভিন্ন সংকটপ্রবন ও অশান্তিপ্রবন এলাকায় এই বাহিনী মোতায়েন করা হবে।

উল্লেখ্য এর আগেই পয়লা মার্চ , রাজ্যে প্রথম দফায় ২৪০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়। তারা ইতিমধ্যেই জেলায় জেলায় রুটমার্চ ও ভোটারদের আস্থা বৃদ্ধির কাজ শুরু করেছে।

-------------------

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের আগে রাজনৈতিক উত্তেজনা , হিংসা ও সংঘর্ষ র মতো ঘটনা বৃদ্ধি এবং তার প্রেক্ষিতে সাধারণ মানুষের রাজনৈতিক হিংসার শিকার হওয়ার আশঙ্কার দরুন, কলকাতার নগরপাল সুপ্রতীম সরকার এক নির্দেশিকা জারি করেছেন । এতে, সাধারণের নিরাপত্তা সুনিশ্চিত করার লক্ষ্যে অস্ত্রসস্ত্রে র আদান-

প্রদান , অস্ত্র প্রদর্শন ও বহনের ওপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। অবিলম্বে ওই নিষেধাজ্ঞা কার্যকর করার কথাও উল্লেখ করা হয়েছে নির্দেশিকায়।

-------------------

এসআইআর প্রক্রিয়ায় বৈধ ভোটারদের নাম বাদ দেওয়ার অভিযোগে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ধর্মতলায় প্রতিবাদ ধর্নায় বসেছেন। ডোরিনা ক্রসিং-এর কাছাকাছি থেকে এসপ্লানেড মেট্রোর ২ নম্বর গেট পর্যন্ত বাধা হয়েছে মঞ্চ। এলাকায় বেশ কিছু রাস্তা বন্ধ করে যান চলাচল ও নিয়ন্ত্রণ করা হচ্ছে।

এদিকে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির এই কর্মসূচিকে কটাক্ষ করেছে বিজেপি। দলের রাজ্য মুখপাত্র দেবজিত সরকার বলেছেন, এটা মানুষের ধর্না নয়, তৃনমূল কংগ্রেসের আজেন্ডার পক্ষে ধর্না।

-------------------

বিজেপির পরিবর্তন যাত্রায় অংশ নিতে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব আজ রাজ্যে আসছেন। দলীয় সূত্রে জানা গেছে, দুপুরে কলকাতা বিমানবন্দরে পৌঁছে তিনি নিউটাউনের একটি বেসরকারি হোটেলে হয়ে হুগলির শ্রীরামপুরে যাবেন। সেখানে বেলা তিনটে নাগাদ পরিবর্তন যাত্রার সূচনা করে জনসভায় বক্তব্য রাখবেন তিনি।

আরেক কেন্দ্রীয় মন্ত্রী প্রহ্লাদ যোশীর ফালাকাটায় পরিবর্তন যাত্রা ও জনসভায় উপস্থিত থাকার কথা।

অন্যদিকে পরিবর্তন যাত্রা কর্মসূচির সমাপ্তিতে আগামী ১৪ মার্চ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে জনসভায় বক্তব্য রাখবেন। এই উপলক্ষে আজ ব্রিগেডে প্রধানমন্ত্রীর সভাস্থলে বিজেপির উদ্যোগে ভূমি পূজার আয়োজন করা হয়েছে। কেন্দ্রীয়

মন্ত্রী ভূপেন্দ্র যাদব এবং দলের জাতীয় সাধারণ সম্পাদক সুনীল বনসল সেখানে উপস্থিত থাকবেন।

------------------

আসন্ন বিধানসভা নির্বাচনের আগে রাজ্যে প্রশাসনের শীর্ষ স্তরে আরেক দফা রদবদল করা হয়েছে। নবান্ন থেকে জারি হওয়া এক বিজ্ঞপ্তিতে সাতজন আইএএস আধিকারিকের বদলি এবং নতুন দায়িত্বের কথা ঘোষণা করা হয়েছে। বর্তমানে কলকাতা পুরসভার মিউনিসিপ্যাল কমিশনার সুমিত গুপ্ত কে পশ্চিমবঙ্গের ডিরেক্টর অব ল্যান্ড রেকর্ডস অ্যান্ড সার্ভে (ডিএলআরএস) পদে নিয়োগ করা হয়েছে। পাশাপাশি তাঁকে কলকাতা দক্ষিণের জেলা নির্বাচন আধিকারিকের অতিরিক্ত দায়িত্বও দেওয়া হয়েছে।

ডব্লিউবিএসআইডিসিএল-এর ম্যানেজিং ডিরেক্টর নিখিল নির্মল কে নদিয়ার জেলা শাসক হিসেবে নিয়োগ করা হয়েছে।

বর্তমানে উত্তর দিনাজপুরের জেলা শাসক সুরেন্দ্র কুমার মীনা-কে কলকাতা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটি কেএমডিএর চিফ এক্সিকিউটিভ অফিসার করা হয়েছে। এই পদটি রাজ্য সরকারের সিনিয়র স্পেশাল সেক্রেটারি পদমর্যাদার। অংশুল গুপ্তকে কলকাতা উত্তরের জেলা নির্বাচন আধিকারিক করা হয়েছে। পাশাপাশি তাঁকে কলকাতা পুরসভার মিউনিসিপ্যাল কমিশনারের অতিরিক্ত দায়িত্ব দেওয়া হয়েছে।সিয়াদ এন কে উত্তর ২৪ পরগনার জেলা শাসক হিসেবে নিয়োগ করা হয়েছে। প্রাণী সম্পদ উন্নয়ন বিভাগের স্পেশাল সেক্রেটারি শেভালে অভিজিৎ তুকারামকে আলিপুরদুয়ারের জেলা শাসক করা হয়েছে।অন্যদিকে নদিয়ার জেলাশাসক অনীশ দাশগুপ্ত কে বাঁকুড়ার জেলা শাসক পদে বদলি করা হয়েছে।

নবান্ন সূত্রে জানানো হয়েছে, জনস্বার্থেই এই প্রশাসনিক রদবদলের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

-------------------

রাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজে ইঞ্জিনিয়ারিং, টেকনোলজি, ফার্মাসি ও আর্কিটেকচার কোর্স এ ভর্তির জন্য প্রবেশিকা পরীক্ষা- ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন ২০২৬ হবে আগামী ২৪ মে। ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন বোর্ড, গতকাল এক প্রেস বিবৃতিতে এখবর জানিয়েছে।

এই পরীক্ষার জন্য আগামী ১০ মার্চ থেকে অনলাইনে আবেদন শুরু হবে। পরীক্ষার্থীরা ৫ এপ্রিল পর্যন্ত আবেদন করতে পারবেন।

উল্লেখ্য, আগামী ২৪ মে সকাল ১১ টা থেকে দুপুর ১ টা পর্যন্ত গনিত এবং দুপুর দুটো থেকে বিকেল চারটে পর্যন্ত পদারথবিদ্যা ও রসায়নের পরীক্ষা গ্রহণ করা হবে। বিশদ বিবরণের জন্য পরীক্ষার্থীদের , বোর্ডের ওয়েবসাইট www.wbjeeb.nic.in/ www.wbjeeb.in অনুসরণ করার জন্যে বোর্ডের তরফে অনুরোধ জানানো হয়েছে।

-------------------

হাওড়ার গোলাবাড়ি থানা এলাকায় পিলখানা রোডে,প্রোমোটার সৌফিক খানের হত্যার ঘটনায় সিআইডি দুই মূল অভিযুক্ত হারুন খান ও রোহিত হোসেন কে দিল্লী থেকে গ্রেপ্তার করে পশ্চিমবঙ্গে নিয়ে এসেছে। তাদের গতকাল হাওড়া আদালতে তোলা হলে, দুজনকেই সাত দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

উল্লেখ্য, এই ঘটনায় আগেই চারজনকে গ্রেপ্তার করেছিল পুলিশ।

-------------------

আই এস এল ফুটবলে আজ মহামেডান স্পোর্টিং , ব্যাঙ্গালুরু এফ সির মুখোমুখি হবে। যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে বিকেল পাঁচটায়। ৩ ম্যাচে ৪ পয়েন্ট সংগ্রহ করে ব্যাঙ্গালুরু লিগ তালিকায় সপ্তম স্থানে আছে। সমসংখ্যক ম্যাচ খেলে শূন্য পয়েন্ট পেয়ে মহামেডান ১৪ দলের লিগে সব শেষে রয়েছে।

------------------- -------------------